

উচ্চতর তথ্য বিশ্লেষণ

ইকফাই-এ তিনদিনের

কর্মশালা সম্পন্ন হল

আগরতলা, ১ ডিসেম্বর :

ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনসিটিউটের বেঙ্গালুরুস্থিত কেন্দ্রের সক্রিয় সহযোগিতায় এবং ইকফাই বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনায় কামালঘাটস্থিত ক্যাম্পাসে ২৮ নভেম্বর থেকে শুরু হওয়া ৩-দিনব্যাপী কর্মশালা বৃহস্পতিবার সম্পন্ন হয়েছে। মঙ্গলবার ‘অ্যাডভান্সড ডাটা অ্যানালিসিস উইথ R সফটওয়্যার’ শীর্ষক কর্মশালার আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের কারিগরি শিক্ষা বিভাগের কো-অর্ডিনেটর ডঃ প্রিয়াৎশু রাণা বড়ঠাকুর। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আইএসআই বেঙ্গালুরু কেন্দ্রের বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক কল্যাণ কুমার চৌধুরী।

উদ্বোধনী ভাষণে ডঃ বড়ঠাকুর বলেন, বিভিন্ন তথ্য বা পরিসংখ্যানের বিশ্লেষণে R সফটওয়্যারের ব্যবহার অত্যন্ত গুরুত্বপূর্ণ। এধরণের কর্মশালায় আইএসআই থেকে আগত অভিজ্ঞ শিক্ষকদের ব্যাখ্যায় বিশ্ববিদ্যালয়ের কারিগরি ও ম্যানেজমেন্ট বিভাগের পড়ুরা এবং ফ্যাকাল্টিরা যথেষ্ট উপকৃত হবে। মূল ভাষণে অধ্যাপক কল্যাণ কুমার চৌধুরী পরিসংখ্যান বিশ্লেষণে R সফটওয়্যারের প্রয়োগ সংক্রান্ত বিভিন্ন দিক তুলে ধরেন।

কর্মশালার ব্যবস্থাপনায় সাহায্যের হাত বাঢ়িয়েছিল আইএসআই’র কোলকাতা এবং মুম্বাইস্থিত দুই কেন্দ্রও। এই দুই কেন্দ্রের তরফে কর্মশালায় উপস্থিত ছিলেন অধ্যাপক অরূপ রঞ্জন মুখোপাধ্যায় এবং অশোক সরকার। বেঙ্গালুরুস্থিত কেন্দ্রের পক্ষে অধ্যাপক ববি জনও উপস্থিত ছিলেন। তিনদিনের কর্মশালায় এদের সকলেই হাতেকলমে R সফটওয়্যারের বিভিন্ন দিক উপস্থিত প্রতিনিধিদের সামনে ব্যাখ্যা করেন।

৩-দিনব্যাপী কর্মশালায় প্রায় ৫০ জন প্রতিনিধি উপস্থিত হয়েছিলেন। এদের মধ্যে ইকফাই বিশ্ববিদ্যালয়ের পড়ুয়ারা ছাড়াও টিআইটি, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়, বিভিন্ন সরকারী মহাবিদ্যালয়ের ফ্যাকাল্টি ও ছাত্রছাত্রীগণ এবং ত্রিপুরা সরকারের অর্থ দপ্তরের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। বৃহস্পতিবার কর্মশালার শেষদিনে সংক্ষিপ্ত সমাপ্তি অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমাপ্তি ভাষণে বিশ্ববিদ্যালয়ের কারিগরি শিক্ষা বিভাগের অধ্যাপক পার্থ সরকার আইএসআই’র বিভিন্ন সেন্টার থেকে আগত ফ্যাকাল্টির ধন্যবাদ জানান এবং এধরনের কর্মশালা আয়োজনে ভবিষ্যতেও সংস্থার সহযোগিতা পাওয়া যাবে বলে আশাপ্রকাশ করেন।

প্রেস বিবৃতি